গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০০৭.২৪-৭২ তারিখ:০৯/০৯/২০২৪ খ্রি.

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় জি, আর খাত হতে ১ম কিস্তির অর্থ বরাদ্দ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, এ মন্ত্রণালয়ের গত ২৮/০৮/২০২৪ খ্রি. তারিখের ৬৬ নং স্মারকে ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তুনির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ির জন্য বিভাজনকৃত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা হতে আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য ১ম কিস্তি বাবদ ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা চেয়ারম্যান (সিনিয়র সচিব পদমর্যাদায়), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তুনির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি-এর অনুকূলে ছাড়করণের সরকারি মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জারি করা হলো।

০২। এ ব্যয় চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় অনুকূলে ১৫৫০১০১- সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়, ৩৭-সামাজিক সুবিধাদি, ৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১- ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,৪০,০০,০০০/-(আট কোটি চল্লিশ লক্ষ) টাকার মধ্যে বিভাজনকৃত ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা হতে এ ব্যয় নির্বাহ করা হবে।

শর্তসমূহ:

(ক) মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে চেয়ারম্যান (সিনিয়র সচিব পদমর্যাদায়), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি বরাবরে প্রেরণ করবেন।

(খ) বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি ও সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক প্রতিপালন করতে হবে এবং ১ম কিস্তির ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(গ) বরাদ্দকৃত অর্থ ব্যবহারের হিসাব নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং অর্থের ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ঘ) মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

স্বা:/-
(মালেকা পারভীন)
উপসচিব
ফোন-০২৫৫১০০১২৩

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০০৭.২৪-৭২ তারিখ:০৯/০৯/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯/০৯/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব